অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/1/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নতুন স্টেট ব্যাপী মেডিকেড ফার্মাসি বেনিফিট প্রোগ্রাম উদ্বোধন করেছেন

NYRx-এ দীর্ঘ-প্রতীক্ষিত ট্রানজিশন স্টেট ব্যাপী 5,000-টিরও বেশি ফার্মেসিতে প্রেসক্রিপশন ওষুধ প্রাপ্তিতে আট মিলিয়ন সদস্যকে বর্ধিত অ্যাক্সেস প্রদান করে

রায়ান হোয়াইট এ HIV/AIDS প্রোগ্রাম, ফেডারেল কোয়ালিফাইড হেলথ সেন্টার এবং হাসপাতালগুলো সহ সরাসরি 340b প্রোভাইডারদের মেডিকেড ফান্ডিং 705 মিলিয়ন মার্কিন ডলারে উন্নিত করে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের নতুন ফার্মেসি বেনিফিট প্রোগ্রাম NYRx চালু করেছেন যা স্টেট ব্যাপী মেডিকেডে নথিভুক্ত আট মিলিয়ন নিউ ইয়র্কবাসীদের প্রেসক্রিপশন ড্রাগ অ্যাক্সেস এবং কভারেজ সুবিধা উন্নত করবে। বহুল-প্রতীক্ষিত এই ট্রানজিশনটি প্রোগ্রামের অন্তর্ভুক্ত ব্র্যান্ড-নাম এবং জেনেরিক ওষুধের বিষয়ে বিভ্রান্তি কমানোর পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটের বৃহত্তম ফার্মাসি নেটওয়ার্ক তৈরি করে মেডিকেড সুবিধা গ্রহণকারীদের স্বল্প বিধিনিষেধে আরো প্রেসক্রিপশন ওষুধ পেতে সক্ষম করবে।

"সাশ্রয়ী মূল্যের প্রেসক্রিপশন ওষুধের জন্য মেডিকেডের উপর নির্ভরশীল নিউ ইয়র্কবাসীদের নিকট সবচেয়ে আগ্রহের কেন্দ্রবিন্দুতে রয়েছে আজকের NYRx-এ ট্রানজিশন," **গভর্নর হোকল বলেন।** "এই প্রোগ্রামের মাধ্যমে কভারেজ এবং অ্যাক্সেস সম্প্রসারিত করার পাশাপাশি, আমরা রায়ান হোয়াইট প্রোগ্রাম এবং ফেডারেলি কোয়ালিফাইড হেলথ সেন্টার সহ ক্রিটিক্যাল প্রোভাইডারগুলোতে পুনঃবিনিয়োগ করার জন্য কয়েক মিলিয়ন অতিরিক্ত মেডিকেড ডলার বিনিয়োগে প্রতিশ্রুতিবদ্ধ হচ্ছি যাতে ট্রানজিশনের এই ধারাটি নির্বিঘ্ন হয় এবং আমাদের স্টেট জুড়ে এর ইতিবাচক প্রভাব বজায় থাকে।"

এখানে NYRx মডেলের অধীনে, ফার্মাসি বেনিফিট ম্যানেজারদের মাধ্যমে এই সুবিধাটি পরিচালনা করার জন্য ম্যানেজড কেয়ার অর্গানাইজেশনের চাহিদাবলি পূরণ করে নিউ ইয়র্ক স্টেটের মেডিকেড প্রোগ্রাম সরাসরি ফার্মেসি ব্যয় পরিশোধ করবে। নতুন প্রক্রিয়াটি ফার্মেসিগুলোর ব্যয় নির্বাহ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করে, ওষুধ প্রস্তুতকারকদের সাথে

আলোচনার জন্য স্টেটের ক্রয় সক্ষমতাকে কাজে লাগায় এবং প্রশাসনকে প্রাকটিশনারদের পক্ষে প্রবাহিত করে।

এছাড়াও 5,000-টির বেশি ফার্মেসির স্টেট ব্যাপী নেটওয়ার্কে অ্যাক্সেস চালুর মাধ্যমে মেডিকেড সুবিধা গ্রহণকারীদের জন্য NYRx কভারেজ উন্নত করে। উপরন্তু, পরিবর্তনটি ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA)-অনুমোদিত সমস্ত ওষুধ সহ প্রোগ্রামের অধীনে অন্তর্ভুক্ত ব্র্যান্ড-নাম এবং জেনেরিক ওষুধের একটি বিস্তৃত তালিকা প্রস্তুত করে যা মেডিকেড সুবিধা গ্রহণকারীদের জন্য প্রেসক্রিপশন ওষুধের কভারেজকে সম্প্রসারিত করবে।

উপরন্তু, NYRx প্রাকটিশনারদের জন্য প্রক্রিয়াটিকে প্রবাহিত করবে। ম্যানেজড কেয়ার অর্গানাইজেশনের অধীনে কভারেজের জন্য বিভিন্ন নিয়মনীতি ও সীমাবদ্ধতার মধ্য দিয়ে কাজ করার পরিবর্তে, ফার্মাসিস্ট এবং চিকিৎসকগণ একটি বিধিবদ্ধ তালিকার ভিত্তিতে ওষুধ লিখতে সক্ষম হবেন যা কম সীমাবদ্ধ এবং বিশেষজ্ঞদের একটি নিরপেক্ষ পাবলিক বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত।

স্বাস্থ্য বিষয়ক ভারপ্রাপ্ত কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "আজকের এই ফি-ফর-সার্ভিস ফার্মাসি বেনিফিট মডেলে ফিরে যাওয়া নিউ ইয়র্কের জন্য সঠিক পদক্ষেপ এবং নিশ্চিত করে যে স্টেট জুড়ে সকল কমিউনিটির স্বল্প ব্যয়ে প্রেসক্রিপশনের ওষুধের অ্যাক্সেস অব্যাহত থাকবে। আমি গভর্নর হোকলকে নিউ ইয়র্কের বিভিন্ন কমিউনিটির একজন চ্যাম্পিয়ন হিসেবে তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য এবং স্টেটের অলাভজনক সংস্থা ও হাসপাতাল — রায়ান হোয়াইট সেন্টার সহ যেগুলো HIV/AIDS প্রোগ্রামে নথিভুক্ত রোগীদের সেবাদান করে — যে তহবিল দিয়ে তাদের স্টেটের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর প্রয়োজনীয় পরিষেবাগুলো অফার করা চালিয়ে যেতে হয় তাদের জন্য অর্থবর্ষ 2024 বাজেটে 705 মিলিয়ন মার্কিন ডলার যোগ করার প্রস্তাবে তার সম্পূর্ণ সমর্থন প্রদান করার জন্য ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট মেডিকেড ডিরেক্টর আমির বাসিরি বলেন, "শুধুমাত্র ফার্মেসিগুলোর একটি বৃহত্তর নেটওয়ার্ক থেকে অতিরিক্ত খরচ ছাড়াই এবং আগের তুলনায় কম বিধিনিষেধ ও কোনো ধরনের বিভ্রান্তি ছাড়াই মেডিকেডে নথিভুক্ত আট মিলিয়ন নিউ ইয়র্কবাসী তাদের একই প্রেসক্রিপশনের ওষুধ পাবেন। এই ট্রানজিশনের মাধ্যমে, আমাদের মেডিকেড প্রোগ্রাম এখন কর্পোরেট মধ্যস্থতাকারী যারা সবসময় মেডিকেড সদস্যদের স্বার্থ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ উপায়ে কাজ করে না তাদের উপর নির্ভর না করে সরাসরি সকল ফার্মেসিকে অর্থ প্রদান করবে। এটি স্বচ্ছতা ও দক্ষতা উভয়ই নিশ্চিত করবে যা আমাদের সদস্যদের সুবিধা অনুযায়ী কাজ করবে এবং রোগী-কেন্দ্রিক, উচ্চ-মানসম্পন্ন স্বাস্থ্য সেবার অ্যাক্সেস নিশ্চিত করবে।"

বাসিরি এই সপ্তাহে বাফেলো নিউজে প্রকাশিত একটি মতামত অংশে এই ট্রানজিশনের রোগী-কেন্দ্রিক সুবিধার কথা পুনর্ব্যক্ত করেছেন। স্টেটের বৃহত্তম ফেডারেলি কোয়ালিফাইড হেলথ সেন্টার সহ ফার্মাকোলজিক্যাল সংস্থাগুলো ও বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রোভাইডার এই ট্রানজিশনটি সমর্থন করেছে।

NYRx বাস্তবায়িত হওয়ার প্রত্যাশায়, গভর্নর হোকল মেডিকেড সুবিধায় তার অর্থবর্ষ 2024 বাজেটে 705 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিয়েছিলেন যাতে 340b স্বাস্থ্য সেবা প্রোভাইডারগণ তাদের ফার্মেসি প্রোগ্রামের মাধ্যমে প্রয়োজনীয় তহবিল গ্রহণ করে এই ট্রানজিশনের মাধ্যমে নেতিবাচকভাবে প্রভাবিত না হয়। 705 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে, তহবিলটি রায়ান হোয়াইট HIV/AIDS প্রোগ্রামে স্টেট মেডিকেড ফান্ডিং-এ 30 মিলিয়ন মার্কিন ডলার, স্টেট অ্যান্ড ফেডারেল মেডিকেড ফান্ডিং এর মাধ্যমে ফেডারেল কোয়ালিফাইড হেলথ সেন্টারে 250 মিলিয়ন মার্কিন ডলার এবং স্টেট অ্যান্ড ফেডারেল মেডিকেড ফান্ডিং এর মাধ্যমে হাসপাতালগুলোতে 425 মিলিয়ন মার্কিন ডলার পুনঃবিনিয়োগ করে।

প্রাথমিকভাবে 2020 সালে অর্থবর্ষ 2021 বাজেটে গৃহীত, ট্রানজিশনটি নিউ ইয়র্ক স্টেটের মেডিকেড ফার্মেসি ব্যয়ের দ্রুত বৃদ্ধির বিষয়েও সাহায্য করবে যা প্রাথমিকভাবে প্রেসক্রিপশন ওষুধ সরবরাহ শৃঙ্খলে ফার্মাসি বেনিফিট ম্যানেজার এবং অন্যান্য মধ্যস্থতাকারী কর্তৃক নিয়ন্ত্রিত হয়েছে। ট্রানজিশনটি 2022 সালের বাজেটে বিলম্বিত হয়েছিল যার বাস্তবায়ন আজ 1 এপ্রিল, 2023 পর্যন্ত নিয়ে এসেছে।

মেডিকেড সুবিধা গ্রহণকারী বা যাদের প্রশ্ন অথবা NYRx-এর ব্যাপারে সাহায্যের প্রয়োজন আছে তারা প্রোগ্রামের ওয়েবসাইট ভিজিট করতে পারেন, NYRx@health.ny.gov ঠিকানায় ইমেইল করতে পারেন অথবা 1-855-648-1909 বা TTY 1-800-662-1220 নম্বরে যোগাযোগ করতে পারেন। হেল্পলাইনটি সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত এবং শনিবার সকাল 9টা থেকে দুপুর 1টা পর্যন্ত চালু থাকবে।

এছাড়াও স্টেটের ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health) ট্রানজিশন সম্পর্কে গ্রাহকদের প্রাথমিক প্রশ্নের উত্তর দেওয়ার জন্য একাধিক ভাষায় একটি ফ্যাক্ট শিট প্রস্তুত করেছে। বিস্তারিত তথ্য eMedNY ওয়েবসাইটে পাওয়া যাবে।

স্টেট সিনেটর জেমস স্কুফিস বলেন, "NYRx-এর অধীনে, আমাদের করদাতা, প্রোভাইডার এবং স্বাধীন ফার্মেসিগুলো অবশেষে তাদের দীর্ঘদিনের প্রতীক্ষিত মেডিকেড নেটওয়ার্ক পাবেন। পূর্ববর্তী সিস্টেমটি আর্থিকভাবে সামঞ্জস্যপূর্ণ ছিল না এবং আমাদের কমিউনিটির সামনের সারিতে থাকা আমাদের স্বাস্থ্য সেবাদানকারীদের জন্য সহজাতভাবে যা অন্যায্য ছিল - এবং এই নতুন আঙ্গিকের সৃষ্ট সঞ্চয়গুলো শক্তিশালী সম্ভাব্য স্থানান্তর নিশ্চিত করতে সরাসরি আমাদের হাসপাতাল ও হেলথ সেন্টারগুলোতে পুনঃবিনিয়োগ করা হবে। এই পদক্ষেপটি ওষুধ কোম্পানির মধ্যস্বত্বভোগী যারা আর স্টেটের করদাতা, রোগী এবং প্রোভাইডারদের চুষে খেতে সক্ষম হবে না তারা ব্যতীত সকলের জন্য একটি বিজয়। এই গুরুত্বপূর্ণ বিষয়টিতে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য তাকে আমি ধন্যবাদ জানাই।"

ফার্মাসিস্ট সোসাইটি অব দ্য স্টেট অব নিউ ইয়র্কের প্রেসিডেন্ট হেদার ফেরারেস বলেন, "NYRx-কে দুর্বল করার প্রচেষ্টাকে স্বীকৃতি ও প্রত্যাখ্যান করার জন্য সহযোগী ফার্মাসিস্টদের সাথে যোগ দিতে পেরে ফার্মাসিস্ট সোসাইটি অব দ্য স্টেট অব নিউ ইয়র্ক (Pharmacists Society of the State of New York, PSSNY) গর্বিত। স্টেট জুড়ে গ্রামীণ এবং নগরে উভয় ক্ষেত্রেই জীবন রক্ষাকারী ওষুধ ও অন্যান্য ফার্মেসি পরিষেবাগুলোতে রোগীদের

অ্যাক্সেসকে আজকের NYRx-এ ট্রানজিশন ব্যাপকভাবে বাড়িয়ে তুলবে। নিঃসন্দেহে এটি স্বচ্ছতা বাড়াবে এবং মেডিকেড রোগীদের বিস্তৃত ওষুধের একটি ফর্মুলারি থাকবে এবং দেশের সবচেয়ে বড় ফার্মেসি নেটওয়ার্কগুলোর একটিতে অ্যাক্সেস থাকবে যাতে তারা তাদের পছন্দের ফার্মেসি ব্যবহার করতে পারে। নিউ ইয়র্কের আট মিলিয়ন মেডিকেড রোগীদের জন্য, NYRx হলো তাদের ফার্মেসি সেবার চাহিদা মেটানোর সঠিক প্রেসক্রিপশন।"

কমিউনিটি ফার্মেসি অ্যাসোসিয়েশন অব নিউ ইয়র্ক স্টেটের প্রেসিডেন্ট মাইকেল ডুটেউ বলেন, "মেডিকেডের মাধ্যমে সকলের জন্য ফার্মেসি সেবার অ্যাক্সেস এবং গুণগতমান সম্প্রসারণে এই জীবন রক্ষাকারী সংস্কারের জন্য আমরা গভর্নর হোকল ও স্টেট আইনসভাকে সাধুবাদ জানাই। রোগীদের আর ফার্মাসি বেনিফিট ম্যানেজারদের নির্ধারিত সীমাবদ্ধ ফার্মাসি নেটওয়ার্কের শর্তাবলি অনুসরণ করতে বাধ্য করা হবে না এবং তাদের একটি সামঞ্জস্যপূর্ণ স্টেট ব্যাপী ওষুধ ফর্মুলারি থাকবে যা FDA-অনুমোদিত ওষুধের 100 শতাংশ কভার করে। এটি HIV, হেপাটাইটিস C, ডায়াবেটিস, হাঁপানি, মানসিক স্বাস্থ্য সমস্যা এবং মাদক ব্যবহার সংশ্লিষ্ট ব্যাধি ও অন্যান্য গুরুতর এবং দীর্ঘস্থায়ী রোগে ভোগা পিছিয়ে থাকা কমিউনিটির নিউ ইয়র্কবাসীদের সেবার উন্নতি ঘটাবে।"

সান রিভার হেলথের চিফ ফাইন্যান্সিয়াল অফিসার জেমস সিনকফ বলেন, "নিউ ইয়র্ক স্টেটের NYRx প্রোগ্রাম 340b প্রোগ্রামের অনেকগুলো লক্ষ্য অর্জন করে। গুরুত্বপূর্ণভাবে, এই নতুন প্রোগ্রামের অধীনে রোগী-চিকিৎসক সম্পর্কটি ধারাবাহিক হয়ে যাবে। সান রিভার হেলথ গভর্নর হোকলকে ধন্যবাদ জানায় প্রয়োজনীয় রিসোর্সগুলো বজায় রাখার প্রয়োজনীয়তা স্বীকার করে রোগীদের নিশ্চিত করার জন্য যে তারা কোনো বাধা-বিপত্তি ছাড়াই উচ্চমানের, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য সেবা পেতে পারে।"

রেফুয়াহ হেলথের CEO চ্যানি স্টার্নবার্গ বলেন, "গত বেশ কয়েক বছর ধরে, নিউ ইয়র্ক স্টেট উচ্চ মানের স্বাস্থ্য সেবা প্রদান এবং যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য পরিষেবার অ্যাক্সেস নিশ্চিত করার ক্ষেত্রে অভূতপূর্ব চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে। স্বাস্থ্য ক্ষেত্রে সমতা অর্জনের জন্য একসাথে কাজ করার সময় এখনও অনেক বাধা-বিপত্তি রয়েছে যা সমাধান করা দরকার, আজ আমরা গভর্নরের অফিসকে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই এবং চিকিৎসার জন্য সেবার ধারাবাহিকতা এবং পরিষেবাগুলোতে অ্যাক্সেস নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে চাই।"

নিউ ইয়র্ক স্টেট একাডেমি অব ফ্যামিলি ফিজিশিয়ান ড. অ্যান্ড্রু সাইমনস বলেন, "স্টেট জুড়ে থাকা আমাদের 6,000 ফ্যামিলি চিকিৎসক সদস্যদের পক্ষ থেকে, আমরা মেডিকেডের অধীনে এপ্রিলের 1 তারিখ থেকে ফার্মেসি সেবায় রোগীর অ্যাক্সেস সম্প্রসারণের জন্য গভর্নর ক্যাথি হোকল এবং স্টেটের আইনপ্রণেতাদের সাধুবাদ জানাই। এই গুরুত্বপূর্ণ নীতিমালাটি যা NYRx নামে পরিচিত, FDA-অনুমোদিত সকল ওষুধকে কভার করে একটি যোগসূত্র প্রদান করবে, রোগীদের প্রয়োজনীয় কভারেজ পেতে এবং মেডিকেড রোগীদের জীবন রক্ষাকারী থেরাপিতে আরো উন্নত অ্যাক্সেস প্রদান করার জন্য প্রেসক্রাইবারদের অনুসরণ করার নিয়মাবলির একটি রূপরেখা প্রদান করবে। নিউ ইয়র্ক স্টেটে সামগ্রিকভাবে

স্বাস্থ্য সেবার উন্নতির ক্ষেত্রে এই ট্রানজিশনমূলক পদক্ষেপ গ্রহণের জন্য আমরা তাদের নেতৃত্বের সাধুবাদ জানাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন